১. দক্ষতা উন্নয়ন কর্মসূচি ( স্কিল ডেভলপমেন্ট প্রোগ্রাম ) এর উদ্দেশ্য কি ?

- দক্ষতা উন্নয়ন কর্মসূচির উদ্দেশ্য হল রাজ্যের যুবসম্প্রদায়ের একটা বড় অংশকে শিল্প উপযোগী প্রশিক্ষণ প্রদান করে তাদের জীবন জীবিকাকে সুনিশ্চিত করা এবং তাদের উজ্জ্বল ভবিষ্যতের ক্ষেত্র প্রস্তুত করা|

২. কেন আমার কারিগরি প্রশিক্ষণের প্রয়োজন ?

- জাতীয় স্তরে ২০১৫ সালের পরিসংখ্যান অনুযায়ী আমাদের দেশে দক্ষ এবং প্রশিক্ষণ প্রাপ্ত যুবকের চাহিদা প্রায় ১১ কোটি | এছাড়াও আন্তর্জাতিক স্তরে দক্ষ শ্রমিকের চাহিদা প্রচুর | উপরন্তু শিল্পক্ষেত্রের চাহিদার মানের দ্রুত পরিববতনের সাথে সাথে প্রশিক্ষণেরও যথাযথ মান উন্নয়ন অবশ্যম্ভাবী | সুতরাং বর্তমান এবং ভবিষ্যতের এই চাহিদার কথা মাথায় রেখে প্রত্যেকের উচিত কারিগরি শিক্ষায় প্রশিক্ষণ প্রাপ্ত হয়ে উপার্জন করা এবং পেশাগত জায়গাকে সুদৃঢ় করে জীবনে উন্নতি করা|

৩. দক্ষতা উন্নয়নের প্রেক্ষিতে পশ্চিমবঙ্গ সরকারের কারিগরি শিক্ষা প্রশিক্ষণ ও দক্ষতা উন্নয়ন দপ্তরের ( ডিপার্টমেন্ট অফ টেকনিক্যাল এডুকেশন , ট্রেনিং এন্ড স্কিল ডেভেলপমেন্ট ) ভূমিকা কি ?

- রাজ্যের সামগ্রিক কারিগরি দক্ষতা উন্নয়নের প্রয়াসগুলির সংযোগকারী দপ্তর হল কারিগরি শিক্ষা প্রশিক্ষণ ও দক্ষতা উন্নয়ন দপ্তর | অন্যান্য সকল দপ্তরের অন্তর্ভুক্ত সব প্রশিক্ষণ এই দপ্তরের মাধ্যমে পরিচালনা করা হয়|

  এই দপ্তর তার অধিকরণ এবং সংসদ গুলির মাধ্যমে এই রাজ্য ব্যাপী ২৫০ টি আই. টি. আই. , ১৫২ টি পলিটেকনিক এবং প্রায় ৩৫০০ টি বৃত্তিমূলক প্রশিক্ষণ কেন্দ্র পরিচালনার সাথে সাথে স্বল্প মেয়াদ কালীন কারিগরি দক্ষতা উন্নয়নেরও উদ্যোগ নেয়|

৪. পশ্চিমবঙ্গ স্কিল ডেভেলপমেন্ট মিশন ( WBSDM ) এবং পশ্চিমবঙ্গ সোসাইটি ফর স্কিল ডেভেলপমেন্ট কি (PBSSD) ?

- কারিগরি দক্ষতার বিবিধ ক্ষেত্রে দক্ষ ও প্রশিক্ষণ প্রাপ্ত যুবক-যুবতীদের চাহিদার ব্যাপার সঠিক ভাবে নির্ধারণ করে দক্ষ লোকবলের যথাযথ যোগানের জন্য পশ্চিমবঙ্গ সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রীর অধীনে ওয়েস্ট বেঙ্গল স্কিল ডেভেলপমেন্ট মিশন গঠিত হয়েছে|

  রাজ্যে অপ্রতিষ্ঠানিক কারিগরি দক্ষতা উন্নয়ন প্রয়াসগুলিকে কার্যকরী করার এবং তৎসহ প্রশিক্ষণের পাঠ্যক্রম , মেয়াদ , মূল্যায়ন পদ্ধতিগুলি এবং প্রশিক্ষণের ব্যয়ের সমতার লক্ষ্যে পশ্চিমবঙ্গ সরকারের মুখ্যসচিবের সভাপতিত্বে ২০১৪ সালের ২৮ শে আগস্ট তারিখে কারিগরি শিক্ষা প্রশিক্ষণ ও দক্ষতা উন্নয়ন দপ্তরের অধীনে পশ্চিমবঙ্গ সোসাইটি ফর স্কিল ডেভেলপমেন্ট (PBSSD) নামে একটি স্বশাসিত সংস্থা গঠিত হয়েছে|

৫. PBSSD-র অধীনে দক্ষতা উন্নয়নের সংশ্লিষ্ট কি কি কর্ম সূচি আছে ?

- PBSSD র অধীনে দক্ষতা উন্নয়ন কর্মসূচির প্রধানত তিনটি বিভাগ নিম্নরূপ :

(ক) সম্পূর্ণ রাজ্যের অর্থানুকূল্যে : প্রকল্পভিত্তিক (প্রজেক্ট মোড) উৎকর্ষ বাংলার অধীনে রিকগনিশন অফ প্রায়র লার্নিং ( আর. পি. এল)

(খ) রাজ্য ও কেন্দ্র উভয়ের অর্থানুকূল্যে :দীনদয়াল উপাধ্যায় গ্রামীন কৌশল যোজনা (DDUGKY)

(গ) সম্পূর্ন কেন্দ্রের অর্থানুকূল্যে : PMKVY, CSSN, সাগরমালা ইত্যাদি|

৬. উৎকর্ষ বাংলা কি?

- আমাদের রাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রীর উদ্যোগে ২০১৬ সালের ১৬ই ফেব্রুয়ারী উৎকর্ষ বাংলা নামাঙ্কিত প্রকল্পটির যাত্রা শুরু হয় | পশ্চিমবঙ্গের যুব সম্প্রদায়কে বেতন অথবা স্বনির্ভর কর্মসংস্থানমুখী প্রশিক্ষণ প্রদানের জন্য সমগ্র দক্ষতা উন্নয়নের প্রয়াসকে এই প্রকল্পের অন্তর্ভুক্ত করা হয়েছে|
  এই প্রকল্পের ২০১৮-১৯ আর্থিক বৎসরে ৬ লক্ষ যুবক যুবতীকে কারিগরি প্রশিক্ষণ দেওয়ার লক্ষ্যমাত্রা স্থির হয়েছে| এই প্রকল্পের মূল উদ্দেশ্য নিম্নরূপ :
  - স্কুল ছুট এবং কর্মহীন যুবক যুবতীদের নিখরচায় প্রশিক্ষণ প্রদান করা |
  - বেসরকারি প্রশিক্ষণ প্রদানকারী সংস্থা এবং প্রশিক্ষণ কেন্দ্র নির্বাচন করে তাদের ক্ষমতা বৃদ্ধি এবং তালিকাভুক্তি|

৭. এই প্রকল্পটি কি সমগ্র রাজ্যে বর্তমান?

- এই প্রকল্পটি আমাদের রাজ্যের ২৩টি জেলার বিভিন্ন প্রান্তে তৈরী হওয়া ১৮০০ ও বেশী দক্ষতা প্রশিক্ষন কেন্দ্রের মাধ্যমে পরিচালিত হয়|

৮) আমি কি করে উৎকর্ষ বাংলা দ্বারা উপকৃত হতে পারি ?

- রাজ্যের যুবক যুবতীদের বেতন অথবা স্বনির্ভর কর্মসংস্থানমুখী প্রশিক্ষণ প্রদানের উদ্দেশ্যে সামগ্রিক কারিগরি দক্ষতা উন্নয়ন কার্যকরী করতে উৎকর্ষ বাংলার যাত্রা শুরু | PBSSD -এর অধীনে প্রশিক্ষণ নেওয়ার মুখ্য সুবিধাগুলি নিম্নরূপ :-

১) চাহিদার সাথে সংশ্লিষ্ট এবং আন্তর্জাতিক মানের সাথে সঙ্গতিপূর্ণ কর্মসংস্থানমুখী কারিগরি প্রশিক্ষণ (ন্যাশনাল অকুপেশন্ স্ট্যান্ডার্ড - NOS )

২) স্কুল ছুট অথবা কর্মহীন যুবক যুবতীদের নিখরচায় ৪০০ ঘন্টা থেকে শুরু করে ১৮০০ ঘন্টা মেয়াদকালীন প্রশিক্ষণ প্রদান করা।

৩) শিল্পক্ষেত্রের চাহিদা ও প্রত্যাশা অনুযায়ী সংশ্লিষ্ট সেক্টর স্কিল কাউন্সিলের দ্বারা নির্ধারিত পাঠ্যক্রম

৪) প্রযুক্তিনির্ভর প্রশিক্ষণ পরিকাঠামো|

৫) অভিজ্ঞতাসম্পন্ন এবং দক্ষ শ্রমিকদের জন্য রিকগনিশন অব প্রায়র লার্নিং (RPL).

৬) অন দ্য জব ট্রেনিং (OJT ) এর মাধ্যমে শিল্প-ক্ষেত্রের অভিজ্ঞতা|

৯) উৎকর্ষ বাংলার অধীনে প্রশিক্ষণ প্রদানকারীদের সম্পর্কিত তথ্য আমি কি করে জানতে পারি ?

- বর্তমানে রাজ্যের ২৩টি জেলায় PBSSD তালিকাভুক্ত PTP দ্বারা পরিচালিত ১৮০০-রও বেশি প্রশিক্ষণ কেন্দ্র রয়েছে | যে কেউ http://www.pbssd.gov.in/partners ওয়েবসাইটে গিয়ে এই নির্দিষ্ট তালিকাভুক্ত প্রশিক্ষণ প্রদানকারীদের সম্পর্কে জানতে পারেন|

১০) উৎকর্ষ বাংলার প্রকল্পভিত্তিক প্রশিক্ষণের অধীনে কোনো নির্দিষ্ট কার্য ভূমিকার ( Job role - এর) জন্য কি করে আমার নাম রেজিস্টার করতে পারি ?

- তুমি http://www.pbssd.gov.in/home - ওয়েবসাইটে গিয়ে Industry / Sector select করে এবং সংশ্লিষ্ট Job role – এ গিয়ে PBSSD দ্বারা অনুমোদিত প্রশিক্ষণ প্রদানকারীদের তালিকায় যাও | এরপর তুমি পোর্টালের মাধ্যমে তোমার পছন্দের প্রশিক্ষণ প্রদানকারীর এবং Job role – এর সাথে নিজের নামকে রেজিস্টার করতে পারবে|

১১) উৎকর্ষ বাংলায় কি কি সেক্টরে প্রশিক্ষণ দেওয়া হয় ?

- উৎকর্ষ বাংলা বিভিন্ন সেক্টরে প্রশিক্ষণ পরিচালনা করে যেমন - Agriculture , Apparel , Automotive, Banking, Financial Service & Insurance, Beauty & Wellness, Construction, Electronics & Hardware, Jems & Jewellery, IT&ITES, Leather, Handicrafts, plumbing , Power, Telecom, Tourism & Hospitality ইত্যাদি | তুমি উৎকর্ষ বাংলার অধীনে বিভিন্ন সেক্টরগুলির সম্বন্ধে http://www.pbssd.gov.in/home- ওয়েবসাইট থেকে বিশদ জানতে পারবে|

১২ ) কী কী Job Role উৎকর্ষ বাংলার অন্তর্ভুক্ত ?

- উৎকর্ষ বাংলায় উপরিউক্ত বিবিধ সেক্টরগুলির অধীনে ২০০ র অধিক job role আছে |প্রার্থীরা তাদের জেলায় নির্ধারিত প্রকল্প অনুযায়ী নিজেদের Job Role বেছে নিতে পারবে | তুমি বিভিন্ন সেক্টরগুলি এবং তাদের অধীনে থাকা Job Role সম্বন্ধে http://www.pbssd.gov.in/home- ওয়েবসাইট থেকে বিশদ জানতে পারবে|

১৩ ) এই প্রশিক্ষনগুলির মেয়াদ কত দিনের হয় ?

- উৎকর্ষ বাংলা স্বল্প মেয়াদি প্রশিক্ষন প্রদান করে যার মেয়াদ ৪০০ - ১২০০ ঘন্টা পর্যন্ত হয় | প্রত্যেকটি প্রশিক্ষণ কেন্দ্রে প্রথম ও দ্বিতীয় শিফটে ক্লাস হয় | বিভিন্ন ক্ষেত্রে PBSSD র অনুমোদন অনুযায়ী প্রতিদিন ২/৪/৬ ঘন্টা করে সপ্তাহে ৪/৫/৬ দিন ক্লাসগুলি হয়|

১৪ ) আমি কী প্রশিক্ষণের শেষে কোনো শংসাপত্র পাব ? শংসাপত্র প্রদান এবং মূল্যায়ন পদ্ধতিটি কার দ্বারা পরিচালিত হবে ?

- হ্যাঁ , তুমি নিজের প্রশিক্ষণ সাফল্যের সাথে শেষ করলে একটি সরকারি স্বীকৃত শংসাপত্র পাবে | জাতীয় ও রাজ্যের মান অনুযায়ী প্রার্থীদের প্রশিক্ষণ শেষে শংসাপত্র প্রদানের বিষয় সুনিশ্চিত করতে PBSSD দ্বারা যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে প্রশিক্ষণ প্রাপ্তদের মূল্যায়ন তৃতীয় কোনো পক্ষ কর্তৃক করা হবে|

১৫) প্রশিক্ষণের পাঠ্যসূচি কী শিল্পের চাহিদা অনুযায়ী তৈরি করা হয়েছে ?

- হ্যাঁ , পাঠ্য সূচি বিভিন্ন শিল্প ক্ষেত্রের চাহিদা এবং প্রয়োজন অনুযায়ী তৈরী করা হয়েছে|

১৬) উৎকর্ষ বাংলার অন্তর্ভুক্ত প্রশিক্ষণগুলির জন্য কী কোনো ন্যূনতম উপস্থিতি র হারের প্রয়োজন ?

- হ্যাঁ , প্রয়োজন | চূড়ান্ত মূলায়্যান ও শংসাপত্র প্রদান পদ্ধতির জন্য যোগ্যতা অর্জন করতে তোমার উপস্থিতির হার ন্যূনতম ৮০ শতাংশ বা তার অধিক হতে হবে| প্রতিটি প্রশিক্ষণ কেন্দ্রে বায়োমেট্রিক যন্ত্র দ্বারা তোমার উপস্থিতি নথিভুক্ত করা হবে|

১৭) প্রশিক্ষণ নেওয়া কালীন আমি কী কোনো দৈনিক ভাতা পেতে পারি ?

- হ্যাঁ , তুমি যাতায়াত ও টিফিনের জন্য তোমার উপস্থিতির দিন প্রতি ৫০ টাকা ভাতা পাবে|

১৮) প্রশিক্ষণ নেওয়ার জন্য কি কোনো খরচ আছে ?

- উৎকর্ষ বাংলার অধীনে PBSSD-র তালিকাভুক্ত যে কোন প্রশিক্ষণ কেন্দ্রে প্রশিক্ষণ নেওয়ার জন্য ১০০% ছাড় দেওয়া আছে। এই প্রশিক্ষণের সাথে সম্পর্কিত নিবন্ধন, মূল্যায়ন, বা পরীক্ষা শংসাপত্র অথবা চাকরিতে নিয়োগের ক্ষেত্রে প্রার্থীর কোনরূপ খরচ বহন করতে হবে না ।

১৯) আমি বর্তমানে উৎকর্ষ বাংলা প্রজেক্ট মোডস ১-এ প্রশিক্ষণরত। আমি কি দৈনিক ভাতা পেতে পারি?

- হ্যাঁ । তুমি দৈনিক ভাতা পাবে।

২০) উৎকর্ষ বাংলার অধীনে কি রেকগনিশন অফ প্রায়র লার্নিং অন্তর্ভুক্ত আছে?

- হ্যাঁ। রেকগনিশন অফ প্রায়র লার্নিং উৎকর্ষ বাংলার অধীনে একটি গুরুত্বপূর্ণ বিষয় । এই প্রকল্পের মাধ্যমে অভিজ্ঞতা ও দক্ষতা সম্পন্ন প্রার্থী তার পূর্বতণ অভিজ্ঞতার নিরিখে যথাযথ মূল্যায়নের মাধ্যমে শংসাপত্র পেতে পারেন।

২১) উৎকর্ষ বংলার অধীনে প্রশিক্ষণ প্রাপ্তদের নিয়োগের পদ্ধতি কি?

- PTP এবং PTP ITI দ্বারা সফল ভাবে প্রশিক্ষণ প্রাপ্ত যুবক-যুবতীদের জন্য নিয়োগের ব্যবস্থা আছে। এই ব্যবস্থাকে আরো সুদৃঢ় করার জন্য রাজ্য,জেলা,মহাকুমা এবং ব্লক স্তরে জবফেয়ারের আয়োজন করা হবে ।

২২) প্রশিক্ষণের মাঝে যদি কোন ব্যক্তিগত কারণে আমাকে ছেড়ে দিতে হয়,তাহলে সাময়িক বিরতির পর আমি কি সেই প্রশিক্ষণে পুনরায় প্রশিক্ষণের সুযোগ পাবো?

- তুমি যদি প্রশিক্ষণের মাঝখানে ছেড়ে চলে যাও,তুমি কোনো শংসাপত্র বা নিয়োগপত্র পাবে না ।

২৩) প্রশিক্ষণের পরে আমি কি স্বনিযুক্ত হতে পারব ?

- উৎকর্ষ বাংলা অধীনে প্রশিক্ষণের কর্মসূচিগুলো তোমাকে কর্মসংস্থানের উপযুক্ত করে তোলে। এই কর্মসূচিতে স্বনিযুক্তিকরনের জন্য পৃথকভাবে কোন ক্লাস করানো হয়না। কিন্তু তুমি যদি মনে কর,তুমি এই প্রশিক্ষণ নিয়ে উদ্যোগ নিতে পারো।

২৪) একবার নিয়োগের পর পরবর্তী পর্যায়ে আমার কি কোন উন্নতির সম্ভাবনা আছে?

- হ্যাঁ, তোমাকে সেই ভাবেই প্রশিক্ষণ দেওয়া হবে যাতে তুমি তোমার কর্মজগতে উন্নতি সাধন করতে পারো। কিন্তু তার জন্য তোমাকে কঠোর পরিশ্রম করতে হবে ।

২৫) একবার নিয়োগের পর প্রার্থীরা আর কি কোনো সহায়তা পেতে পারে?

- উৎকর্ষ বাংলার অন্যতম প্রধান উদ্দেশ্যই হলো প্রান্তিক পরিবারগুলির জীবন-জীবিকার উন্নয়ন সাধন। প্রশিক্ষণ প্রদানকারী সংস্থাগুলি প্রশিক্ষণ প্রাপ্ত প্রার্থীদের কর্মসংস্থান সুনিশ্চিত করবে এবং তার সাথে প্রশিক্ষণের পর কমপক্ষে একবৎসর সময়কাল পর্যন্ত তাদের বিভিন্ন ভাবে সহায়তা করবে ।